

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
বাজেট অধিশাখা
সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা।
www.molwa.gov.bd

নম্বর: ৪৮.০০.০০০০.০০২(বা).০৩৪.০১১(অংশ-১).২০১৫-৮৭৭/৯ (৬৪)


তারিখ: ২৫ কার্তিক ১৪২৩
০৯ নভেম্বর ২০১৬

বিষয়: মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত পত্রের সঠিকতা যাচাই।

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, এ মন্ত্রণালয়ের বিভিন্ন শাখায় কর্মরত কর্মকর্তাদের স্বাক্ষর স্ক্যান ও জাল করে কিছু কুচক্রীমহল বিভিন্ন সুযোগ-সুবিধা গ্রহণের প্রচেষ্টা চালাচ্ছে। উদাহরণঃ ৮ আগস্ট ২০১৬ তারিখের ৮২০ নং স্মারকপত্রের মাধ্যমে পলাশ উপজেলার ১ জন, ১৪ জানুয়ারি ২০১৬ তারিখের ৪৪৮ নং স্মারকপত্রের মাধ্যমে রায়পুরা উপজেলার ১৭ জন ও ১৭ ফেব্রুয়ারি ২০১৬ তারিখের ৫০২ নং স্মারকপত্রের মাধ্যমে রায়পুরা উপজেলার ২ জনসহ মোট ২০ (বিশ) জনের অনুকূলে মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা চালুর প্রচেষ্টা করেছে। পত্রসমূহ যাচাইয়াতে দেখা যায়, বাজেট অধিশাখার যে স্মারকগুলো ব্যবহার করা হয়েছে তা এ শাখার নয়।

০২। এমতাবস্থায়, মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা'র পত্রের বিষয়ে সন্দেহ পরিলক্ষিত হলে অথবা জারিকৃত পত্রটি এ মন্ত্রণালয়ের বাজেট শাখার কিনা তা সংশ্লিষ্ট শাখার কর্মকর্তা/মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তা (সচিব/অতিরিক্ত সচিব (প্রশাসন))-এর সাথে টেলিফোনে যোগাযোগ করে নিশ্চিত হওয়ার নিমিত্তে নির্দেশক্রমে অনুরোধ করা হলো। বিষয়টি অতীব জরুরী।

সংযুক্তি: বর্ণনানুগ ৩ (তিন) পাতা।


(মোঃ নজরুল ইসলাম)
উপসচিব
ফোন: ৯৫৫০১৩৩

জেলা প্রশাসক

..... (সকল)।

অনুলিপি:

- ১। মাননীয় মন্ত্রী'র একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। অতিরিক্ত সচিব (প্রশাসন/উন্নয়ন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। সংরক্ষণ নথি।